

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.১৮.০০১.২৫-১১৩৩৮


তারিখ: ৩০/১২/২০২৫ খ্রি।

অফিস আদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তিনবারের সাবেক প্রধানমন্ত্রী ও বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) চেয়ারপারসন বেগম খালেদা জিয়া চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার আন্দোলনের আপসহীন নেত্রীর মৃত্যুতে এলজিইড'র সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী গভীরভাবে শোকাহত। মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.০০০.৪২৩.২২.০০০২.২০.২০০, তারিখঃ ৩০-১২-২০২৫খ্রি. অনুযায়ী তাঁর মৃত্যুতে আগামী বুধবার, ৩১ ডিসেম্বর ২০২৫ হতে শুক্রবার, ২ জানুয়ারী ২০২৬ পর্যন্ত তিনদিন রাষ্ট্রীয়ভাবে শোক পালনের সিদ্ধান্ত হয়েছে।

২। রাষ্ট্রীয়ভাবে শোক পালনের কর্মসূচী হিসেবে উক্ত তিনদিন এলজিইড'র সদর দপ্তরে এবং মাঠ পর্যায়ে সকল কার্যালয়সমূহে স্থানীয় প্রশাসনের সাথে আলোচনা করে জাতীয় পতাকা অর্ধনমিত রাখাসহ যাবতীয় কর্মসূচী পালন করতে হবে।

৩। সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মাগফেরাতের জন্য আগামী শুক্রবার, ২ জানুয়ারী ২০২৬ এলজিইড'র সদর দপ্তরের কেন্দ্রীয় মসজিদসহ সকল কার্যালয়ের নিকটস্থ মসজিদসমূহে দোয়া অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।



(কাজী গোলাম মোস্তফা)

প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব)

ফোন: ৫৫০০৭২৪৮

ই-মেইল: ce@lged.gov.bd

অনুলিপি (স্মার্তার্থে ও কার্যার্থে)(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী(সকল)....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী(সকল), এলজিইডি,..... বিভাগ, জেলা:.....।
- ৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সকল)....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সকল), এলজিইডি,..... অঞ্চল, জেলা:.....।
- ৫) প্রকল্প পরিচালক(সকল)....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৬) নির্বাহী প্রকৌশলী(সকল), এলজিইডি, জেলা:.....।
- ৭) নির্বাহী প্রকৌশলী ও সেকশন ইনচার্জ, এমআইএস সেকশন, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮) উপজেলা প্রকৌশলী(সকল), এলজিইডি, উপজেলা:....., জেলা:.....।